

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরী ও মাদরাসা শিক্ষা বিভাগ
মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩
৩৭/৩/এ, ইন্সটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
www.dme.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক: নং-৫৭.২৫.০০০০.০০৩.০২.০২৩.১৮- ৫০

তারিখ: ১৫.০১.২০১৭ খ্রি:।

বিষয়: ময়মনসিংহ জেলার হালুয়াঘাট উপজেলাধীন হালুয়াঘাট ডিএস আলিম মাদরাসার জ্যেষ্ঠতম শিক্ষককে অধ্যক্ষ/সুপারিনটেনডেন্ট (শূণ্য) পদের দায়িত্ব হস্তান্তরপূর্বক দ্রুত সুপারিনটেনডেন্ট এর শূণ্য পদের নিয়োগ কার্যক্রম গ্রহণ ও তা সম্পন্ন করার নির্দেশনা প্রসঙ্গে।

সূত্র: (১) ডিএস আলিম মাদরাসার স্মারক নং-হাঃ ডিএস আ: মা: নি:সা: জ: গ: প্র: নং-২০৯/৩

তারিখ: ২৮.১১.২০১৭ খ্রি:।

(২) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শিম/শাঃ১১/৩-৯/২০১১/২৫৬

তারিখ: ০৬.০৬.২০১৫ খ্রি:।

(৩) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শিম/শাঃ১১/৩-৯/২০১১/৪৮৪

তারিখ: ০৯.০৭.২০১৫ খ্রি:।

(৪) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শিম/শা-১৩/এমপিও নীতিমালা সংশোধন/২০১২/৮৭

তারিখ: ২৪.০৩.২০১৩ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত ১ নং স্মারক মূলে সভাপতি, হালুয়াঘাট ডিএস আলিম মাদরাসা কর্তৃক একটি আবেদন মাদরাসা শিক্ষা অধিদপ্তরে দাখিল করা হয়।

০২. বর্ণিত মাদরাসার সভাপতি কর্তৃক দাখিলকৃত আবেদনে উল্লেখ করা হয় যে, মাদরাসাটির দাখিল স্তর এমপিওভুক্ত এবং আলিম স্তর স্বীকৃতি প্রাপ্ত।

০৩. বর্ণিত মাদরাসার সভাপতি কর্তৃক আরো উল্লিখিত হয়েছে যে, গত ১৬.০৪.২০১৬ তারিখে মাদরাসার অধ্যক্ষ/সুপারিনটেনডেন্ট অবসর গ্রহণ করেন। ফলে মাদরাসাটির গভর্নিং বডির ৩০.০৪.২০১৬ তারিখের সিদ্ধান্ত মোতাবেক বর্ণিত মাদরাসার অধ্যক্ষ/সুপারিনটেনডেন্ট হিসেবে অত্র মাদরাসার আলিম পর্যায়ের নন এমপিওভুক্ত বাংলা প্রভাষক জনাব আছমাউল হোছনাকে দায়িত্ব অর্পন করা হয়।

০৪. উপরিউক্ত বর্ণনার মর্মালোকে আলিম পর্যায়ের নন এমপিওভুক্ত বাংলা প্রভাষক জনাব আছমাউল হোছনাকে অধ্যক্ষ/সুপারিনটেনডেন্ট হিসেবে দায়িত্ব অর্পন বিধি সম্মত হয়নি মর্মে প্রতীয়মান হয়। কারণ কোন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে (স্কুল, কলেজ, মাদরাসা) প্রতিষ্ঠান প্রধানের অবর্তমানে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের জ্যেষ্ঠতম শিক্ষক ভারপ্রাপ্ত অধ্যক্ষ/সুপারিনটেনডেন্ট/প্রধান শিক্ষক হিসেবে দায়িত্ব পালন করবেন মর্মে সূত্রোক্ত ২ ও ৩ নং স্মারকে উল্লিখিত হয়েছে (কপি সংযুক্ত)। আর জ্যেষ্ঠতা নির্ধারণের ক্ষেত্রে “শিক্ষক ও কর্মচারীদের পারস্পারিক জ্যেষ্ঠতা ও অভিজ্ঞতা তাদের প্রথম এমপিওভুক্তির তারিখ হতে গণনা করা হবে” মর্মে সূত্রোক্ত ৪ নং স্মারকে স্পষ্টত উল্লিখিত হয়েছে (কপি সংযুক্ত)। যেহেতু জনাব আছমাউল হোছনা, প্রভাষক, বাংলা এমপিওভুক্ত শিক্ষক নন সেহেতু জ্যেষ্ঠতার নীতিমালার আলোকে তিনি জ্যেষ্ঠতম শিক্ষক হিসেবে বিবেচিত হবেন না মর্মে প্রতীয়মান হয়।

০৫. সূত্রোক্ত ২ ও ৩ নং স্মারকের নির্দেশনা মোতাবেক এমপিওভুক্তির তারিখ বিবেচনায় বর্ণিত মাদরাসার জ্যেষ্ঠতম শিক্ষককে দায়িত্ব প্রদান প্রয়োজন। উল্লেখ্য যে, মাদরাসাটির অধ্যক্ষ/সুপারিনটেনডেন্ট পদটি দীর্ঘ প্রায় ১ (এক) বছর ৯ (নয়) মাস যাবৎ শূণ্য রয়েছে। মাদরাসাটি যেহেতু দাখিল পর্যায়ে এমপিওভুক্ত সেহেতু গভর্নিং বডি সুপারিনটেনডেন্ট এর শূণ্য পদের বিপরীতে নিয়োগ কার্যক্রম গ্রহণ করবে (অধ্যক্ষ পদের বিপরীতে নয়)।

০৬. এমতাবস্থায় সূত্রোক্ত ২ নং, ৩ ও ৪ নং স্মারকের নির্দেশনা মোতাবেক এমপিওভুক্তির তারিখ বিবেচনায় বর্ণিত মাদরাসার জ্যেষ্ঠতম শিক্ষককে আগামি ৩০.০১.২০১৮ তারিখের মধ্যে সুপারের দায়িত্ব প্রদানক্রমে এ অধিদপ্তরকে অবহিতির জন্য এবং মার্চ, ২০১৮ এর মধ্যে সুপার পদের নিয়োগ কার্যক্রম সম্পন্ন করার জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো। ব্যর্থতায় প্রয়োজনীয় আইনানুগ পদক্ষেপ গ্রহণ করা হবে।

সংযুক্তি: বর্ণনা মতে - ০২ ফর্দ।

১৫.০১.১৭
(মো: আফাজ উদ্দীন)

সহকারী পরিচালক, স: ও সিনি: মাদরাসা
মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা

ফোন নং-৯৩৪৫৮৮০

ই-মেইল- dgdmeb@gmail.com

সভাপতি, হালুয়াঘাট ডিএস আলিম মাদরাসা, হালুয়াঘাট, ময়মনসিংহ।

অনুলিপি:

১. জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ।

২. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, হালুয়াঘাট, ময়মনসিংহ।

৩. অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), হালুয়াঘাট ডিএস আলিম মাদরাসা, হালুয়াঘাট, ময়মনসিংহ।

৪. অফিস কপি